সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৫/২৭৩ ২০ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানিকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনারের উপর ফ্রি টাইম এর পর চলমান ০৪ (চার) গুন হারে আরোপিত পেনাল রেন্ট এর আদেশ স্থগিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) চট্টগ্রাম বন্দরের বিজ্ঞপ্তি নং- ১৬/২০২৫, তারিখঃ ২০/১১/২০২৫।
(খ) চট্টগ্রাম বন্দরের বিজ্ঞপ্তি নং- ০৯/২০২১, তারিখঃ ৩১/০৩/২০২১।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ এর অনুরোধের প্রেক্ষিতে Dangerous Goods পণ্যবাহী কন্টেইনারের উপর ফ্রি টাইম এর পর ০৪ (চার) গুন হারে পেনাল রেন্ট আদায়ের নিমিত্তে জারীকৃত সূত্রোক্ত 'খ' বিজ্ঞপ্তি এর কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করে চট্টগ্রাম বন্দর হতে সূত্রোক্ত 'ক' বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত বিজ্ঞপ্তিদ্বয় এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব

Shahinur-customs

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর


বিজ্ঞপ্তি নং- ১৬/২০২৫ | তারিখ-২০-১১-২০২৫ ইং।

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্য ও পণ্যবাহী কন্টেইনারের উপর ফ্রি টাইম এর পর চলমান ০৪ (চার) গুণ হারে আরোপিত পেনাল রেন্ট এর আদেশ সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর ইয়ার্ড ও শেডে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্য ও পণ্যবাহী কন্টেইনারের পরিমাণ বিপুল পরিমাণে বৃদ্ধি পাওয়া ও সে অনুপাতে বন্দর হতে খালাস না হওয়ায় তা বন্দরে অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন ঘটায়। সে পরিপ্রেক্ষিতে Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর ১৬০ ধারার আলোকে পরিচালক (ট্রাফিক), চবক এর বিজ্ঞপ্তি নং-০৯/২০২১, তারিখ- ৩১-০৩-২০২১ ইং মূলে উক্ত ধরণের কন্টেইনার ও পণ্যের উপর ফ্রি টাইমের পর ০৪ (চার) গুণ হারে পেনাল রেন্ট আরোপ করা হয়।

বর্তমানে বন্দরে বিপদজনক এবং রাসায়নিক পণ্য ও পণ্যবাহী কন্টেইনারের পরিমাণ সহনীয় পর্যায়ে নেমে আসায় এরূপ কন্টেইনার ও পণ্যের উপর ফ্রি টাইমের পর পরিচালক (ট্রাফিক), চবক এর বিজ্ঞপ্তি নং-০৯/২০২১, তারিখ- ৩১-০৩-২০২১ ইং মূলে ০৪ (চার) গুণ হারে আরোপিত পেনাল রেন্ট সাময়িক সময়ের জন্য স্থগিত করা হলো।

এ পরিপ্রেক্ষিতে সকল আমদানীকারক এবং বন্দর ব্যবহারকারীগণকে আমদানীকৃত বিপদজনক ও রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্য দ্রুততার সাথে বন্দর হতে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২০/১১/২৫

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**

**পরিচালক (পরিবহন) এর দপ্তর**

বিজ্ঞপ্তি নং- ০৯/২০২১ তারিখ - ৩১/০৩/২০২১ইং।

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্যের উপর ফ্রি টাইম এর পর ০৪(চার) গুণ বর্ধিত হারে রেন্ট আরোপ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ে ইতিপূর্বে জারীকৃত বিজ্ঞপ্তি নং- ০৮/২০২১, তারিখ- ২৩/০৩/২০২১ইং অনুযায়ী চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্যের উপর ফ্রি টাইম এর পর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট ০১/০৪/২০২১ইং তারিখ হতে কার্যকর হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

পরিচালক (ট্রাফিক) ৩১/৩
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/ ১৬ (২য় খন্ড) গ-লুজ /৬-১১ তারিখ -৩১/০৩/২০২১ইং।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সদস্য (প্রশাঃ ও পরিঃ), চবক; সদস্য (অর্থ), চবক; সদস্য (প্রকৌশল), চবক; সদস্য ( হাঃ ও মেঃ), চবক।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।

৩। পি এস টু সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। টার্মিনাল ম্যানেজার, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৬। সিস্টেম এনালিষ্ট, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৭। ডিটিএম(অপাঃ), চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৮। সকল ট্রাফিক ইন্সপেক্টর, সকল ইউনিট ওয়ানষ্টপ সার্ভিস সেন্টার, এম-শেড, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ওয়ান ব্যাংক ও ব্র্যাক ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

১০। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

১১। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোঃ, চেম্বার হাউস (৩য় তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।

১২। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টম ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোঃ, সিএন্ডএফ টাওয়ার,(১২ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), যমুনা ভবনের পাশে, আনোয়ার ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৪। একান্ত সহকারী, চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার(প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

MR. ZAKIR
31.3.21